[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] “[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]”[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

পরে তারা জেলা প্রশাসক কাছে স্মারকলিপি দিয়েছে।

আজ বুধবার (২২ শে ফেব্রুয়ারি) বেলা ১২ টা সময় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক ঐক্য জোটের জেলা সভাপতি মোঃ আখতারুজ্জামান এর সভাপতিত্ব উপস্থিত ছিলেন জেলা শাখার সাধারণ সম্পাদক রিক্তা বানু সহ-সভাপতি মো আহসান হাবীব মোছা নুরুন্নাহার বেগম মোঃ শাহা জামান মাওলানা আব্দুল মাবুদ মো সাহা জামাল মোহাম্মদ রুহুল আমিন মাওলানা ও আবু ইব্রাহিম মোঃ মনোয়ার হোসেন মোছাজীবন নাহার মো: মাহমুদুল হাসান মোঃ হাবিবুর রহমান মাওলানা মো: শাকিবুজামান এবং মোঃ নাহারুল ইসলাম সহ সংগঠনের নেতৃবৃন্দ।

মুজিবনগর উপজেলায় দুই প্রতিষ্ঠানকে ৮ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের মুজিবনগর উপজেলা আনন্দবাস গ্রামে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দুই প্রতিষ্ঠানকে ৮ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বুধবার ২২শে ফেব্রুয়ারী সকালের দিকে মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করে।

অভিযানে মুদিখানা, ফার্মেসি, হোটেল, সার-কীটনাশকসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

এসময় আনন্দবাস বাজারে মেসার্স জিল্লুর স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিতে মূল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করা, অস্বাস্থ্যকরভাবে খাদ্যপণ্য সংরক্ষণ ও শিশুদের নিম্নমানের খাদ্যপণ্য বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার

সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৩ ও ৪৫ ধারায় ৩,০০০/- টাকা জরিমানা করা হয়।

অপর একটি প্রতিষ্ঠান মেসার্স বাসার মিষ্টান্ন ভাণ্ডারকে পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য ফ্রিজে রেখে বিক্রয়ের অপরাধে ৩৮ ও ৫১ ধারায় ৫,০০০/- টাকা জরিমানা করা হয়।

এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন,বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় দুই প্রতিষ্ঠানের পণ্যের মুল্যতালিকা ও নিম্নমানের খাদ্যপণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা করা হয় এবং জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা ও জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) মোঃ তারিকুল ইসলাম ও এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম।

শহীদ দিবস ও মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান এর আয়োজন করা হয়। মঙ্গলবার সন্ধ্যার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস২০২৩ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সভাপতি ড. মোহাম্মদ মুনসুর আলম খান, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুরের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ

সম্পাদক মোঃ সাইদুর রহমান।

এ সময় সংগীত পরিবেশনা করেন আব্দুল্লাহ আল মামুন রাসেল, ফৌজিয়া আফরোজ তুলি, সুমনা রহমান, কবিতা আবৃত্তি করেন রাইসা।

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ২১শে ফেব্রুয়ারি উদযাপন

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের উদ্যোগে ২১শে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে।

মঙ্গলবার সকাল ৬ টা ৪৫ মিনিটে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সূচনা করেন প্রধান শিক্ষক রুহুল আমিন।

এ পরে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রীরা র্যালি বের করে ও শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে।

এসময় উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক হাফিজুজামান, সহকারী শিক্ষক হাবিবুর রহমান, রকিবুল ইসলাম, আলহাজ, আশাদুল হক, বশির আহম্মেদ, আবুল হাসান, শরিফ উদ্দিন, রাফিউল ইসলাম, ফারাহ হোসেন লিটন প্রমুখ।

আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের

উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নের উদ্যোগে ২১শে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে।

রাত ১২ টা ১ মিনিটে আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন চুন্নু ও ৪ নং ওয়ার্ডের ইউপি সদস্য মকবুল হোসেন শহিদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানান।

এ সময় উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন কৃষকলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহাবুল হক, সাধারণ সম্পাদক সাদ আহম্মেদ, ৪ নং ওয়ার্ডের সভাপতি আসাদুল হক মুন্টু ও সাধারন সম্পাদক খায়রুজ্জামান টুটুল,আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহম্মদ আলী, আমঝুপি পাবলিকক্লাব ও ইমরুল একাডেমি ক্রীড়া সম্পাদক সোহেল রানা সবুজ, মাসুদুর রহমান ও শহিদুল ইসলাম সাগর।

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে ২১শে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে।

দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে উপজেলা আওয়ামীলীগ দিনব্যাপী নানা কর্মসুচী পালন করেছে। কর্মসুচীর মধ্যে মঙ্গলবার সকাল আটটার সময় গাংনী রেজাউল চত্বরে জাতীয় পতাকা উত্তোলন করেন

[redacted]

[redacted]

মেহেরপুরের ঝাঁঝা সীমান্তে ১৮ লাখ টাকাসহ আটক ১

মেহেরপুরের ঝাঁঝা সীমান্তে ১৮ লাখ টাকাসহ মোঃ ইমাত উল্লাহ নামের এক চোরাকারবারীকে আটক করেছে বিজিবি।

মঙ্গলবার দুপুরে ঝাঁঝা সীমান্ত এলাকা থেকে ইমাত উল্লাকে আটক করা হয়। আটক ইমাত উল্লাহ মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের হাফিজ উদ্দিনের ছেলে।

জানা গেছে ঝাঁঝা বিওপির কমান্ডার নায়েব সুবেদার কাজী আজাদের নেতৃত্বে বিজিবি’র একটি টহল দল টহল থাকাকালীন সময় ঝাঁঝা সীমান্তের ১২২ নম্বর পিলারে ২০ গজ দূরে ইমাত উল্লাহকে আটক করে। এসময় তার কাছে থাকা একটি প্লাস্টিকের বস্তা তল্লাশি করে বাংলাদেশী ১৮ লক্ষ টাকা উদ্ধার করে।

ঝাঁঝা বিওপি’র কমান্ডার নায়েব সুবেদার কাজী আজাদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে ঝাঁঝা বিওপি’র একটি বিশেষ দল অভিযান চালিয়ে তাকে আটক করে।

এসময় তার নিকট থেকে একটি প্লাস্টিকের বস্তার ভিতরে থাকা নগদ ১৮ লাখ টাকা উদ্ধার করা হয়। এ ঘটনায় মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন গ্রামে এম এ এস ইমনের উদ্যোগে বুকলেট বিতরণ

মেহেরপুর জেলার বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন গ্রামে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়|